



কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণে গুণগত ব্যবস্থাপনার সুপারিশ

ইত্তেফাক রিপোর্ট টি-ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স (আইডিই) বাংলাদেশ আয়োজিত "এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় দেশসমূহের টেকসই অর্থনৈতিক অগ্রগতির জন্য মধ্যম স্তরের কারিগরি (১৪শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণে

(৩য় পৃঃ পর)

জনশক্তির চ্যালেঞ্জ ও সম্ভাবনাসমূহ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে ৭ দফা প্রস্তাবনা ও ১২ দফা সুপারিশ গৃহীত হয়েছে। প্রত্যবে এ অঞ্চলের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ ক্ষেত্রে গুণগত ব্যবস্থাপনার ওপর সর্বাধিক গুরুত্ব প্রদান করতে বলা হয়েছে। এছাড়া সম্মেলনে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলসমূহের মধ্যম স্তরের প্রকৌশলীদের নিয়ে একটি ফোরামও গঠন করা হয়েছে। গত বুধবার আইডিই মিলনায়তনে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে সংগঠনের সাধারণ সম্পাদক একেএমএ হামিদ গত ১৮ মে থেকে অনুষ্ঠিত তিনদিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি বলেন, এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রকৌশলীদের দ্বারা রক্ষণা জন্য সম্মেলন শেষে "মিত বেভেল ইঞ্জিনিয়ার্স ফোরাম অব এশিয়া প্যাসিফিক রিজিওন" নামের একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটির আফ্রায়ক হচ্ছেন- ইঞ্জিনিয়ার একেএম রফিকুল ইসলাম কুইয়া। কমিটিতে ভারত, নেপাল, মালয়েশিয়া, পাকিস্তান, শ্রীলংকা, ফিলিপাইন এবং ক্রুনাই এর সদস্যদের অন্তর্ভুক্ত করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে আইডিইর সভাপতি রফিকুল ইসলাম কুইয়া, ফিলিপাইনের ডঃ প্রমোদ বি শ্রেষ্ঠ, পাকিস্তানের আকমাখ আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।